



লাইব্রেরীতে আসুন

“শব্দ বুঝতে শেখায়
শব্দ বুঝতে শেখায়
আর শব্দ আমাদেরকে রাখে একসাথে”

- বেনকট এরিক হেডিন

শিশু যখন গল্প শুনে, তার মধ্যে ভাষা সচেতনতা তৈরী হয়। উচ্চস্বরে পড়া শিশুর ভাষা বিকাশ এবং কল্পনা শক্তিকে বাড়িয়ে দেয়।

শিশুর কথা শুনে এবং তার সাথে কথা বলে আপনি শিশুর ভাষা দক্ষতা বাড়াতে পারেন। শিশুর সাথে একত্রে যা-ই করবেন তাতে শিশুর ভাষা জ্ঞান বাড়বে। শিশুর সাথে একেবারে প্রথম থেকেই গান করুন, পড়ুন, গল্প বলুন, কারণ এই সময়টাই তার ভাষা বিকাশের মূল সময়।

আপনার বাচ্চার সাথে মাতৃভাষায় কথা বলুন। যে সব বাচ্চারা মাতৃভাষা ভাল জানে তারা অন্য ভাষা সহজে শিখতে পারে।

লাইব্রেরীতে সব বয়সী বাচ্চাদের উপযোগী বই আছে। ছোট বাচ্চাদের উপযোগী শব্দ কাগজের বই যেমন আছে, তেমনি ছবি, কবিতা, ছড়া আর গল্পের বই সবই আছে।

লাইব্রেরীতে অনেক ভাষায় সব বয়সের উপযোগী বই আছে। আপনার প্রয়োজন মেটানো আমাদের জন্য আনন্দজনক ব্যাপার। আর বিনামূল্যে বই ধারণে নিতে পারবেন।

শৈশবকালীন রোগব্যাধী, শিশুদের মনস্তত্ত্ব এবং শিশুপালন প্রভৃতি বিষয়ে বড়দের জন্যও লাইব্রেরীতে অনেক বই আছে। বাচ্চা ও বড়দের জন্য অনেক ভাষায় লিখা বইও এখানে আছে।

লাইব্রেরীতে আবার দেখা হবে।

